ভোরের কাগজ

তারিখ ... JUL. 26 1999
পৃষ্ঠা 2 কলাম 6

206

# রোকেয়া হল প্রভোস্টের বিরুদ্ধে ছাত্রীরা আন্দোলনে যাচ্ছে

**বিশ্ববিদ্যালয় প্রতিবেদক** : ঢাকা বিশ্ববিদ্যালয়ের রোকেয়া হলের প্রভোস্টের মেয়াদ বৃদ্ধি না করার দাবিতে হলের ছাত্রীরা আন্দোলনে যাচ্ছে। তার বিরুদ্ধে বিভিন্ন অভিযোগ রয়েছে। আগামী মাসে তার মেয়াদ শেষ হচ্ছে। জানা গেছে, মেয়াদ বৃদ্ধির জন্য তিনি চেষ্টা চালাচ্ছেন।

হলের ছাত্রীরা প্রভোস্টের বিরুদ্ধে কর্মে অবহেলা, স্বেচ্ছাচারিতা ও অদক্ষতার অভিযোগ এনেছে। তাছাড়া তিনি হলের বিভিন্ন ফান্ডের টাকা ব্যক্তিগত গৃহসজ্জার কাজে ব্যবহার করেছেন বলে অভিযোগ উঠেছে। এর আগে ছাত্রীরা প্রভোস্টের পদত্যাগের দাবিতে দুই দফা আন্দোলন করে। সে সময় কর্তৃপক্ষ পরিস্থিতির উন্নতি না হলে প্রভোস্ট পরিবর্তনের আশ্বাস দিয়েছিলেন। কিন্তু অবস্থার কোনো উন্নতি হয়নি বলে ছাত্রীরা জানায়। প্রভোস্টের পুনর্বহাল ঠেকাতে ছাত্রীরা গতকাল রাতে হলে মিছিল সমাবেশ করেছে। আজ সোমবার ছাত্রীরা প্রভোস্টের বিরুদ্ধে বিভিন্ন অভিযোগ নিয়ে উপাচার্যের সঙ্গে কথা বলতে পারে।

হল প্রভোস্ট অধ্যাপক নূরুননাহার বেগমের সঙ্গে গতকাল রাতে যোগাযোগ করা হলে তিনি কথা বলতে সম্মত হননি।